দৈনিক
জনকণ্ঠ

তারিখ . 10 DEC 2015
পৃষ্ঠা ১৫ কলাম 2

# শেবাচিমে প্রথম এনজিওপ্লাস্টি

খোকন আহম্মেদ হীরা, বরিশাল ॥ প্রথমবারের মতো দক্ষিণাঞ্চলের সর্ববৃহৎ চিকিৎসাসেবা কেন্দ্র বরিশাল শের-ই বাংলা মেডিক্যাল কলেজ (শেবাচিম) হাসপাতালে সফলভাবে হৃদরোগে আক্রান্ত রোগীর করনারি এনজিওপ্লাস্টি (হার্টে রিং প্রতিস্থাপন) অপারেশন সম্পন্ন হয়েছে। বরিশাল পাকহানাদার মুক্ত দিবসে শেবাচিম হাসপাতালে সফল এ অপারেশনের মাধ্যমে আরও একটি বিজয় অর্জিত হয়েছে বলে জানিয়েছেন হাসপাতালের পরিচালক অধ্যাপক ডাঃ নিজাম উদ্দিন ফারুক।

মঙ্গলবার রাতে এক সংবাদ সম্মেলনে অধ্যাপক ডাঃ নিজাম উদ্দিন ফারুক জানান, সম্পূর্ণ বিনামূল্যে ভোলা জেলার লালমোহন উপজেলার ধলিঘোরনগর গ্রামের মোঃ হোসেনের পুত্র সিদ্দিকুর রহমানকে দিয়ে শুরু হয় শেবাচিম হাসপাতালের করনারী এনজিওপ্লাস্টি (হার্টে রিং প্রতিস্থাপন) অপারেশনের কার্যক্রম। মাত্র ৩০ মিনিটে এ সফল অপারেশন সম্পন্ন করা হয়। অপারেশনের নেতৃত্ব দিয়েছেন শেবাচিম হাসপাতালের কার্ডিওলজি বিভাগের সহকারী অধ্যাপক ও ইন্টারভেশনাল কার্ডিওলজিস্ট ডাঃ এম সালেহ উদ্দিন।